
Bengali

# সিম ও অ্যাপ সম্পর্কিত দিকনির্দেশিকা

## অ্যাপ ডাউনলোড করা

NHS অ্যাপ সেট আপ করা



Luton Family Hubs

Family HUBS

Milton Keynes City Council

NHS Bedfordshire Hospitals NHS Foundation Trust

NHS Milton Keynes University Hospital NHS Foundation Trust

# সিম ও অ্যাপ সম্পর্কিত দিকনির্দেশিকা

# সিম সম্পর্কিত দিকনির্দেশিকা

## সিম কার্ড পরিবর্তন করা



1. ফোন বন্ধ করুন
   a. অ্যান্ড্রয়েড: ফোনের উপরের দিকে অথবা পাশে পাওয়ার বাটনটি প্রেস করে ধরে রাখুন, এরপরে স্ক্রিনে "পাওয়ার অফ" অপশনে প্রেস করুন।
   b. আইফোন: ফোনের মডেলের উপর নির্ভর করে ফোনের উপরের দিকে অথবা পাশে পাওয়ার বাটনটি প্রেস করে ধরে রাখুন, যতক্ষণ না স্ক্রিনে পাওয়ার স্লাইড দেখা যায়। এরপরে ফোন বন্ধ করতে সেখানে প্রেস করে টানুন।

2. ফোনের একপাশে থাকা সিম কার্ড ট্রে খুঁজে বের করুন। এটি একটি পাতলা প্যানেল যার উপরে একটি ছোট্ট ফাঁকা ডট রয়েছে।

3. ফোনের সাথে প্রদত্ত রিমোভাল টুল অথবা একটি পেপার ক্লিপ সিম কার্ড ট্রের ঐ ছোট্ট গর্তের মধ্যে ঢুকিয়ে সিম কার্ড ট্রে বের করে আনুন।



4. সিম কার্ডটি আস্তে করে বের করে আনুন অথবা কোনো নরম বস্তুর উপরে ট্রেটি উল্টে ধরুন।

5. আপনার নতুন সিম কার্ডটি ট্রেতে বসান। সিম কার্ডটি কেবলমাত্র একদিকেই বসবে এবং সঠিকভাবে বসানোর জন্য কোনো বল প্রয়োগের প্রয়োজনের নেই। ট্রের এক প্রান্ত কোণা কাটা থাকে যা সিম কার্ড বসাতে সাহায্য করে।

6. ট্রেটি ঠেলে আবার ফোনের ভেতরে প্রবেশ করান যতক্ষণ না জায়গামতো বসে সেটি ক্লিক শব্দ করে এবং ফোন কেসের সাথে ফ্লাশ হয়ে মিলে যায়।



7. ফোন বন্ধ করার জন্য যে বাটনটি ব্যবহার করেছিলেন সেই একই বাটন দিয়ে পাওয়ার অন করুন।

**সংশ্লিষ্ট সাইটগুলোতে আরো দিকনির্দেশিকা পাওয়া যাবে:**

আপনার প্রয়োজনীয় তথ্যের জন্য QR কোডগুলো স্ক্যান করুন। আপনার মোবাইল ফোনের ক্যামেরা নিচের কোডগুলোর সামনে তুলে ধরুন। ক্যামেরায় এক বারে একটি কোডই ধারণ করা যাবে। ওয়েবসাইট পেইজের যে লিংকটি আসবে সেখানে ক্লিক করুন।

| **স্যামসাং-এর জন্য নির্দেশিকা** | **অ্যান্ড্রয়েড-এর জন্য নির্দেশিকা** | **অ্যাপল আইফোন-এর জন্য নির্দেশিকা** |
|---|---|---|

উৎস: https://www.wikihow.com/Switch-SIM-Cards

## নতুন সিম টপ আপ করা

O2 **সিম কার্ড**

প্রতি মাসে একটি কোডের মাধ্যমে আপনি 25জিবি ডেটা এবং ফ্রি কল ও টেক্সট সুবিধা পাবেন। এক বছর ধরে আপনি এই কোডগুলো পাবেন।

1. 4444 ডায়াল করুন।
2. ফোন টপ আপ করতে অপশন 1 নির্বাচন করুন।
3. ভাউচারের সাহায্যে টপ আপ করতে অপশন 2 নির্বাচন করুন এবং বিজ্ঞাপন শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করুন।
4. টেক্সট মেসেজের মাধ্যমে প্রাপ্ত 16-ডিজিটের কোডটি প্রবেশ করান।
5. টপ আপ হওয়ার নিশ্চিতকরণ বার্তা শুনতে পেলে আপনি কলটি কেটে দিতে পারেন।
6. আপনার টপ আপ সফল হয়েছে উল্লেখ করে আপনাকে একটি টেক্সট প্রেরণ করা হবে।

**ভোডাফোন** (Vodafone) **সিম কার্ড**

আপনাকে সিম কার্ড টপ আপ করতে হবে না এবং 6 মাস যাবত প্রতি মাসে আপনি 40জিবি ডেটা, ফ্রি কল ও টেক্সট সুবিধা পাবেন।

**থ্রি** (Three) **সিম কার্ড**

আপনাকে সিম কার্ড টপ আপ করতে হবে না এবং আপনি ব্যবহার করার জন্য 24জিবি ডেটা পাবেন।

## আপনার ফোন নম্বর রাখা

আপনার বিদ্যমান ফোন নম্বরটি রেখে দেওয়া সম্ভব। এরকমটি করতে চাইলে আপনাকে আপনার মোবাইল কোম্পানিকে ফোন করে আপনার PAC কোড চাইতে হবে। PAC কোড পেয়ে গেলে নিচের নম্বরগুলো দিয়ে আপনার সিম কার্ড কোম্পানিকে কল করুন। তাদেরকে জানান যে আপনি আপনার পুরনো মোবাইল নম্বর নতুন সিমে স্থানান্তর করতে চান।

O2-এর ক্ষেত্রে O2 সিম কার্ড ফোনে ঢুকিয়ে 4445 নম্বরে কল করুন; অন্য যেকোনো ফোন থেকে কল করুন 0344 8090222 নম্বরে।

**থ্রি**-এর ক্ষেত্রে আপনার ফোনে থ্রি সিম কার্ড ঢুকিয়ে 500 নম্বরে কল করুন; অন্য যেকোনো ফোন থেকে কল করুন 0333 338 1001 নম্বরে।

**ভোডাফোন**-এর ক্ষেত্রে ভোডাফোন সিম কার্ড ফোনে ঢুকিয়ে 191 নম্বরে কল করুন; অন্য যেকোনো ফোন থেকে কল করুন 0333 304 0191 নম্বরে।

# অ্যাপ ডাউনলোড করা

অ্যাপ বা অ্যাপ্লিকেশন হলো ছোট করে তৈরি করা প্রোগ্রাম যা মোবাইল ডিভাইসে চালানো যায়। এগুলোর সাহায্যে আপনি নির্দিষ্ট কাজ সম্পন্ন করতে পারবেন যেমন NHS অ্যাপে পরীক্ষার ফলাফল অ্যাক্সেস করা। অ্যাপ ইন্সটল করার জন্য অনুগ্রহ করে নির্দেশনা দেখুন।

অনুগ্রহ করে মনে রাখবেন যে অ্যাপ ডাউনলোড করার জন্য মোবাইল ডেটা ব্যবহার করতে হতে পারে। মোবাইল ডেটা বাঁচাতে আপনি পাবলিক ওয়াই-ফাই ব্যবহার করতে পারেন।


## অ্যান্ড্রয়েড

1. “প্লে স্টোর” অ্যাপ আইকন খুঁজে বের করে ট্যাপ করে সেটি খুলুন।




2. সার্চ বাটন অথবা ম্যাগনিফায়িং গ্লাসের পাশের বারে ট্যাপ করুন।




3. আপনার কাঙ্খিত অ্যাপ সার্চ করুন। খেয়াল রাখবেন যে কিছু কিছু অ্যাপ ডাউনলোড করতে পেমেন্ট করতে হয় অথবা সেগুলোর ভেতরে “ইন- অ্যাপ” পারচেজ থাকে; এগুলো ঐচ্ছিক বাড়তি ফিচার যা পেতে হলে পেমেন্ট করতে হয়।
4. ইন্সটলে ট্যাপ করুন (ফ্রি অ্যাপের জন্য) অথবা অ্যাপের মূল্য ট্যাপ করুন (পেইড অ্যাপের জন্য)।
5. ইন্সটল করার পর অ্যাপটি আপনার ডিভাইসে পাবেন।

## আইফোন

1. “অ্যাপ স্টোর” খুঁজে বের করে সেই আইকনে ট্যাপ করুন।




2. ম্যাগনিফায়িং গ্লাসে ক্লিক করুন।



3. আপনার প্রয়োজনীয় অ্যাপটি সার্চ করুন। খেয়াল রাখবেন যে কিছু কিছু অ্যাপ ডাউনলোড করতে পেমেন্ট করতে হয় অথবা সেগুলোর ভেতরে “ইন- অ্যাপ” পারচেজ থাকে; এগুলো ঐচ্ছিক বাড়তি ফিচার যা পেতে হলে পেমেন্ট করতে হয়।
4. গেট (নিন) অথবা অ্যাপের মূল্য ট্যাপ করুন।
5. ইন্সটল করার পর অ্যাপটি আপনার ডিভাইসে পাবেন।

## পরামর্শকৃত অ্যাপসমূহ

মোবাইল ফোনের ক্যামেরা ব্যবহার করে ডানদিকে QR কোডগুলো (তিন কোণায় বর্গক্ষেত্র সহ সাদাকালো ছবি) "স্ক্যান" করুন। QR কোড ফোনে রেজিস্টার হয়ে গেলে স্ক্রিনে একটি লিংক আসবে যেখানে ট্যাপ করলে আপনি ওয়েবসাইটে যেতে পারবেন।

- NHS **অ্যাপ** – এটি একটি ফ্রি অ্যাপ যার সাহায্যে আপনি আপনার হেলথ কেয়ার রেকর্ড অ্যাক্সেস করতে পারবেন, অ্যাপয়েন্টমেন্ট ও প্রেসক্রিপশন ব্যবস্থাপনা করতে পারবেন, এবং মেসেজ ও নোটিফিকেশন পাবেন।

- **ব্রিটিশ রেড ক্রস** (British Red Cross) **অ্যাপ** – এটি একটি ফ্রি অ্যাপ যার মাধ্যমে ছোট শিশুদের জন্য প্রাথমিক চিকিৎসা বিষয়ক পরামর্শ পাওয়া যায়; এটি তৈরি করা হয়েছে মা-বাবা, দাদা-দাদি, এবং কেয়ারগিভারদেরকে সহায়তা প্রদান করার জন্য।

# NHS অ্যাপ সেট আপ করা

## ভাষাসমূহ

NHS অ্যাপ শুধুমাত্র ইংরেজি ভাষাতেই পাওয়া যায়। অ্যাপের অনুবাদ প্রয়োজন হলে আপনাকে অনলাইন সংস্করণ ব্যবহার করতে হবে। এর জন্য আপনার ওয়েব ব্রাউজার খুলুন

আইফোনে ব্রাউজার হিসাবে রয়েছে সাফারি (Safari)

অ্যান্ড্রয়েডে রয়েছে ক্রোম (Chrome)

আপনাকে টাইপ করতে হবে https://www.nhsapp.service.nhs.uk/login

খাড়া তিনটি বাটনে ক্লিক করুন এবং/অথবা অনুবাদ আইকন সার্চ করুন।

যে ভাষাতে অনুবাদ করা প্রয়োজন সেটি নির্বাচন করুন

## NHS লগইন তৈরি করা

NHS অ্যাপ অথবা ওয়েবসাইট অ্যাক্সেস করার জন্য আপনাকে একটি NHS লগইন তৈরি করতে হবে, যার জন্য প্রয়োজন:

- আপনার ইমেইল ঠিকানা
- আপনার মোবাইল নম্বর বা ল্যান্ডলাইন নম্বর।

কিছু কিছু সেবা অ্যাক্সেস করার জন্য আপনার আরো যা লাগতে পারে:

- আপনার NHS নম্বর অথবা আপনার পূর্ণ নাম

- আপনার জন্ম তারিখ
- পোস্টকোড
- পরিচয়পত্র (পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, অথবা ইইউ ন্যাশনাল আইডেন্টিটি কার্ড)। যদি আপনার কোনো বৈধ ছবিযুক্ত পরিচয়পত্র না থাকে, তাহলে পূর্ণ অ্যাক্সেসের জন্য আপনি আপনার জিপিকে বলতে পারেন।

NHS লগইন সেট আপ করা

1. হেলথ অ্যান্ড কেয়ার ওয়েবসাইট, অথবা NHS অ্যাপ অ্যাক্সেস করুন
2. আপনার ইমেইল ঠিকানা লিখুন
3. একটি পাসওয়ার্ড তৈরি করুন
4. ইমেইলে প্রাপ্ত সিকিউরিটি কোডটি লিখুন

## NHS অ্যাপের পূর্ণ অ্যাক্সেস পাওয়া

NHS অ্যাপের পূর্ণ অ্যাক্সেস পাওয়ার জন্য আপনাকে আপনার পরিচয় শনাক্ত করতে হবে। NHS অ্যাপ বা ওয়েবসাইটে লগইন করলে আপনার পরিচয় শনাক্ত করতে বলে একটি মেসেজ আসবে; এরকম কোনো মেসেজ না পেলে বুঝা যাবে ইতোমধ্যেই আপনার পূর্ণ অ্যাক্সেস আছে।

আপনার পরিচয় শনাক্ত করার জন্য আপনাকে আপনার পরিচয়পত্রের একটি ছবি তুলতে, মোবাইল ফোন দিয়ে আপনার মুখমণ্ডল রেকর্ড করতে, এবং আপনার NHS নম্বর জানা থাকলে সেটি লিখতে বলা হবে। ছবিযুক্ত পরিচয়পত্র হতে হবে হয় আপনার পাসপোর্ট, ইউকে ড্রাইভিং লাইসেন্স (পূর্ণ অথবা অস্থায়ী), ইউকে অ্যাপ্লিকেশন রেজিস্ট্রেশন কার্ড, সিটিজেনকার্ড, ইইউ ড্রাইভিং লাইসেন্স (পূর্ণ), অথবা আপনার ইইউ ন্যাশনাল আইডেন্টিটি কার্ড।

আপনি আপনার পরিচয় শনাক্ত করতে না পারলে অথবা আপনার ছবিযুক্ত পরিচয়পত্র না থাকলে সহায়তার জন্য আপনার জিপি সার্জারিতে কথা বলুন।